

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো  
ন্যাশনাল একাউন্টিং উইং  
মডার্নাইজেশন অব ন্যাশনাল একাউন্টস স্ট্যাটিস্টিকস প্রজেক্ট  
পরিসংখ্যান ভবন (৫ম তলা, ব্লক-১)  
আগারাগাঁও, ঢাকা-১২০৭

নং- ৫২.০১.০০০০.৭০৯.১৪.০৪২.১৭- ২৬

তারিখ: ৩০ আশ্বিন, ১৪২৪ ব.  
১৫ অক্টোবর, ২০১৭খ্রি.

নিয়োগ বিজ্ঞপ্তি

বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর আওতায় "মডার্নাইজেশন অব ন্যাশনাল একাউন্টস স্ট্যাটিস্টিকস প্রজেক্ট" এর গ্রেড-৯ ও গ্রেড-১৬ পদে প্রকল্পের মেয়াদকালীন সময়ের জন্য সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে সরাসরি নিয়োগের লক্ষ্যে বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে:

ক্রঃ নং	পদের নাম, বেতন স্কেল ও গ্রেড	পদের সংখ্যা	শিক্ষাগত যোগ্যতা ও অন্যান্য যোগ্যতা	মন্তব্য
১	সহকারী প্রোগ্রামার বেতন স্কেল: ২২০০০-৫৩,০৬০/- (গ্রেড-৯)	০৩ টি	(a) Master's degree in Physics/Applied Physics/Mathematics/Economics/Business Administration or equivalent degree or B.Sc (Engineering). (b) Must qualify standard aptitude test for programming. (c) Associate Member of a recognised professional Computer Society Or other professional Society.	
২	অফিস সহকারী কাম- কম্পিউটার মুদ্রাক্ষরিক বেতন স্কেল: ৯৩০০-২২৪৯০/- (গ্রেড-১৬)	০১ টি	(ক) স্বীকৃত বোর্ড হতে এইচএসসি বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। (খ) কম্পিউটার প্রশিক্ষণ প্রাপ্ত এবং টাইপিংয়ে সর্বনিম্ন গতি প্রতি মিনিটে ইংরেজিতে ২০ এবং বাংলায় ২০ শব্দ থাকতে হবে।	
	মোট	০৪ টি		

শর্তাবলীঃ

- ১। বর্ণিত পদে সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে মাসিক সাকুল্য বেতনে (গ্রেড-৯ এর সাকুল্য বেতন: ৩৫,৬০০/- টাকা ও গ্রেড-১৬ এর সাকুল্য বেতন: ১৭,০৪৫/- টাকা) প্রকল্পের মেয়াদ কালীন সময়ের জন্য চুক্তি ভিত্তিক নিয়োগ করা হবে।
- ২। আবেদনকারীর নাম, পিতা/স্বামীর নাম, মাতার নাম, স্থায়ী ও বর্তমান ঠিকানা, জন্মতারিখ, শিক্ষাগত যোগ্যতা, জাতীয়তা, ধর্ম ইত্যাদি উল্লেখপূর্বক প্রকল্প পরিচালক, মডার্নাইজেশন অব ন্যাশনাল একাউন্টস স্ট্যাটিস্টিকস প্রজেক্ট' ই-২৭/এ, আগারগাঁও, পরিসংখ্যান ভবন, ৫ম তলা, ব্লক-১, ঢাকা-১২০৭ বরাবর আবেদন করতে হবে। আবেদন পত্র জিইপি/রেজিস্টার্ড ডাক/ কুরিয়ার সার্ভিসযোগে অফিস চলাকালীন সময়ে গ্রহণ করা হবে।
- ৩। আবেদন পত্রের সংগে সকল শিক্ষাগত যোগ্যতার মূল সনদ পত্রের সত্যায়িত অনুলিপি, সংশ্লিষ্ট ইউনিয়ন/পৌরসভা/সিটি কর্পোরেশন এর চেয়ারম্যান/ক্ষমতা প্রাপ্ত ব্যক্তি/কর্মকর্তার স্বাক্ষরিত নাগরিকত্ব সনদপত্র, ০১ জন প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তার কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র এবং প্রথম শ্রেণীর কর্মকর্তা কর্তৃক সত্যায়িত সদ্য তোলা পাসপোর্ট আকারের ০৩ (তিন) কপি ছবি সংযুক্ত করতে হবে।
- ৪। আবেদনকারীর বয়স ১৫/১০/২০১৭ ইং তারিখে ১৮-৩০ বৎসরের মধ্যে হতে হবে। তবে মুক্তিযোদ্ধা কোটার প্রার্থীদের ক্ষেত্রে বয়সসীমা ৩২ বৎসর পর্যন্ত শিথিলযোগ্য।
- ৫। গ্রেড-৯ এর জন্য অভিজ্ঞ প্রার্থীদের বেলায় অগ্রাধিকার দেওয়া হবে।
- ৬। আবেদনপত্রের খামের উপরের অংশে মোটা অক্ষরে আবেদনকৃত পদের নাম ও নিজ জেলার নাম অবশ্যই উল্লেখ করতে হবে।
- ৭। আবেদনপত্রের সাথে "মডার্নাইজেশন অব ন্যাশনাল একাউন্টস স্ট্যাটিস্টিকস প্রজেক্ট" এর অনুকূলে গ্রেড- ৯ এর জন্য ১৫০/- (একশত পঞ্চাশ) টাকা ও গ্রেড- ১৬ এর জন্য ১০০/- (একশত) টাকার পে-অর্ডার/ব্যাংক ড্রাফট (অফেরত যোগ্য) সংযুক্ত করতে হবে।
- ৮। নির্বাচনী প্রার্থীদের বেতন-ভাতা ও অন্যান্য সুযোগ-সুবিধা প্রকল্পে নিয়োগ সংক্রান্ত সরকারী বিধি-বিধান দ্বারা নিয়ন্ত্রিত হবে।
- ৯। প্রকল্পের মেয়াদ শেষে পদসমূহ স্বয়ংক্রিয়ভাবে বিলুপ্ত হবে এবং নিয়োগপত্রই সংশ্লিষ্টদের অব্যাহতি পত্র হিসাবে গণ্য হবে।
- ১০। আবেদনপত্র গ্রহণ, বাছাই বা বাতিল করার পূর্ণ ক্ষমতা কর্তৃপক্ষের নিকট সংরক্ষিত থাকবে।
- ১১। নির্বাচনী/ মৌখিক পরীক্ষায় অংশ গ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবেনা।
- ১২। আবেদনপত্র গ্রহণের শেষ তারিখ ১লা নভেম্বর, বিকাল ৫.০০ ঘটিকা পর্যন্ত।
- ১৩। কর্তৃপক্ষ কোনরূপ কারণ না দর্শিয়ে নিয়োগ বিজ্ঞপ্তি/পরীক্ষা বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।
- ১৪। অসমাপ্ত ও নির্ধারিত তারিখের পর কোন আবেদন গ্রহণ করা হবেনা।
- ১৫। মৌখিক পরীক্ষার সময় মূল সনদ প্রদর্শন করতে হবে।
- ১৬। লিখিত পরীক্ষার ফলাফল বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো ওয়েব সাইটের ([www.bbs.gov.bd](http://www.bbs.gov.bd)) মাধ্যমে শুধুমাত্র কৃতকার্য প্রার্থীদের জানিয়ে দেয়া হবে।

  
আবুল কাশেম আজাদ  
প্রকল্প পরিচালক  
ফোন: ৮১৮১৪৩০